



একই স্মারক তারিখের বিকল্প আদেশ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৩.২০২০-৭২৩/৭

তারিখ : ২৯/০৫/১৪২৭ বঙ্গাব্দ
১৩/০৯/২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন নীলিমা জ্যাকব মহিলা কলেজের অধ্যক্ষের এমপিওভুক্তির বিষয়ে মতামত প্রদান সংক্রান্ত।

- সূত্র: ১. আঞ্চলিক পরিচালকের দপ্তরের স্মারক নং-মাউশি/বরি/২০২০/১১৭(৩), তারিখ: ০২/০৭/২০২০
২. নিজ্যক/৪২/২০২০, তারিখ: ১৫/০৬/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন নীলিমা জ্যাকব মহিলা কলেজের অধ্যক্ষ জনাব মোঃ মনির আহাম্মদ (ইনডেক্স-৩০৮৮২২৯) এমপিওভুক্তির জন্য আবেদন করেন। তাঁর আবেদনের প্রেক্ষিতে দেখা যায় যে, জনাব মনির আহাম্মদ এর পূর্ববর্তী প্রতিষ্ঠান চরফ্যাশন কলেজটি জাতীয়করণ করা হলেও উক্ত প্রতিষ্ঠানে এখনো এমপিওভুক্ত জনবল রয়েছে এবং তাদের নামে এমপিওর বেতন-ভাতা চলমান আছে। সেই প্রেক্ষিতে চলমান এমপিও সিস্টেমে চরফ্যাশন কলেজ থেকে অনলাইনে ইনডেক্স ডিলিট/রিলিজ-এর আবেদন করে যোগদানকৃত নতুন প্রতিষ্ঠানে এমপিওভুক্ত হতে পারবেন। এমপিও সফটওয়্যারে সে ব্যবস্থা আছে।

এমতাবস্থায়, অধ্যক্ষ জনাব মোঃ মনির আহাম্মদ-এর ইনডেক্স ডিলিট/রিলিজপূর্বক নতুন প্রতিষ্ঠানের অধ্যক্ষ পদে এমপিওভুক্তির বিষয়ে অনলাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Alcaw 30.9.2020

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং- ৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ,
নীলিমা জ্যাকব মহিলা কলেজ
চরফ্যাশন, ভোলা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল।
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, নীলিমা জ্যাকব মহিলা কলেজ, চরফ্যাশন, ভোলা।
- ৩। উপপরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল।
- ৪। অধ্যক্ষ, চরফ্যাশন সরকারি কলেজ, চরফ্যাশন, ভোলা
- ৫। জেলা শিক্ষা অফিসার, ভোলা।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চরফ্যাশন, ভোলা।
- ৭। সংরক্ষণ নথি।